

পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
(অফিস) ৮৬১৩২৮০  
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯  
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২



OFFICE OF THE CONTROLLER OF  
EXAMINATIONS  
UNIVERSITY OF DHAKA  
DHAKA-1000, BANGLADESH  
Phone : (off.) 8613280  
9661900-59/4079  
Fax : 88-02-9667222  
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমোনংঃ-১১০৪/শা-২(ক)/প.

তারিখঃ

০৪ মাঘ ১৪২৭


১৮ জানুয়ারি ২০২১

- ১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
- ৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
- ৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
- ৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

মহোদয়,

আপনার এবং সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১০-১২-২০২০ তারিখের একাডেমিক পরিষদের কার্যবিবরণীর ৪ এবং ৬ নং সিদ্ধান্তের আলোকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত (৭) কলেজের পরীক্ষা সমূহ গ্রহণ করা হবে। একাডেমিক পরিষদের সিদ্ধান্তের কপি সংযুক্ত।

আপনার বিশ্বস্ত

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক ২৬/১/২০২১.  
ঢাকা বিশ্ববিদ্যালয়

Email: examcontrollera7c@du.ac.bd

# জরুরী

একাডেমিক পরিষদের (১০-১২-২০২০) কার্যবিবরণীর অংশ  
অনার্স শেষবর্ষ ও মাস্টার্স-এর কোর্স/সেমিস্টার ফাইনাল পরীক্ষাসমূহ গ্রহণ

/সভায় কোভিড-১৯ উদ্ভূত পরিস্থিতি বিবেচনায় নিয়ে শিক্ষার্থীদের সেশনজট নিরসনকল্পে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত  
হয়:-

১। বিদ্যমান পরিস্থিতিতে শিক্ষার্থীদের আবাসিক সুবিধা প্রদান করা সম্ভব হচ্ছে না বিধায় সংশ্লিষ্ট বিভাগ/  
ইনস্টিটিউট নিজ নিজ শিক্ষার্থীদের সাথে যোগাযোগ ও উপস্থিতি নিশ্চিত করে বিভিন্ন পরীক্ষার সময়সূচি প্রণয়ন করে  
পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করলে পরীক্ষা নিয়ন্ত্রক যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। অনার্স শেষবর্ষ ও মাস্টার্স-এর  
কোর্স/সেমিস্টার ফাইনাল পরীক্ষাসমূহ অত্রাধিকার ভিত্তিতে স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব বজায় রেখে আগামী ২৬  
ডিসেম্বর ২০২০ তারিখ থেকে নেয়া যায়। শিক্ষার্থীদের সুবিধার্থে স্বল্পদিনের বিরতি দিয়ে পরীক্ষার সময়সূচি প্রণয়ন করতে  
হবে; প্রয়োজনে একদিনে দুটি পরীক্ষা নেয়া যাবে। পরীক্ষার সময়কাল হবে বিদ্যমান নির্ধারিত সময়ের ৫০% অর্থাৎ  
অর্ধেক। একইভাবে ব্যবহারিক পরীক্ষাসমূহ নেয়া যাবে। ক্রমান্বয়ে অন্যান্য পরীক্ষাও একই নিয়মে অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, শিক্ষার্থীরা পরীক্ষা সংক্রান্ত যে কোন তথ্য নিজ নিজ বিভাগ/ইনস্টিটিউট থেকে জানবে।

২। শিক্ষার্থীদের ইনকোর্স/মিডটার্ম/টিউটোরিয়াল পরীক্ষা অনলাইনে অ্যাসাইনমেন্ট/মৌখিক/টেকহোম পদ্ধতিতে নেয়া  
হবে।

৩। ব্যবহারিক পরীক্ষা বিশেষ করে বিজ্ঞান, জীববিজ্ঞান, ফার্মেসী, আর্থ এন্ড এনভায়রনমেন্টাল সায়েন্সেস, ইঞ্জিনিয়ারিং  
এন্ড টোকনোলজি অনুষদ ও সংশ্লিষ্ট ইনস্টিটিউটের শিক্ষক/ তত্ত্বাবধায়ক/ গবেষণা পরিচালক সংশ্লিষ্ট ব্যবহারিক  
পরীক্ষার গুরুত্ব ও আবশ্যিকতা বিবেচনায় নিয়ে যত দ্রুত সম্ভব ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করবেন। বিশেষ পরিস্থিতি  
বিবেচনায় বিদ্যমান ব্যবহারিক পরীক্ষা গ্রহণের নীতির ব্যতিক্রমও হতে পারে। এক্ষেত্রেও লিখিত পরীক্ষার ন্যায়  
ব্যবহারিক পরীক্ষা সংক্ষিপ্ত সময়ে অর্থাৎ ৫০% কম সময়ে নেয়া বাঞ্ছনীয়।

৪। কোর্সের ক্রেডিট/পূর্ণমান অপরিবর্তিত থাকবে। তবে যেহেতু পরীক্ষা গ্রহণের সময় অনুমোদিত সময়ের অর্ধেক  
নির্ধারণ করা হয়েছে তাই সময় ও শিক্ষার্থীদের লিখন সক্ষমতা বিবেচনায় নিয়ে পরীক্ষা কমিটি প্রশ্নপত্র প্রণয়ন  
করবেন।

৫। থিসিস শিক্ষার্থীদের বিষয়ে সংশ্লিষ্ট সুপারভাইজার/তত্ত্বাবধায়ক কোভিড-১৯ এর বিশেষ পরিস্থিতি বিবেচনায় নিয়ে  
বিশেষ নির্দেশনায় সম্পাদন করবেন।

৬। ইতোমধ্যে যাদের অবশিষ্ট পরীক্ষার প্রশ্নপত্র প্রণয়ন ও সময়সূচি ঘোষণা করা হয়েছে তাদের জন্য পূর্বের বিদ্যমান  
নীতিমালা বহাল থাকবে।

স্বাক্ষরক নং রেজি:/প্রশা-৫/ 26-08-09

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নোক্তদের নিকট অনুলিপি প্রেরিত হইল :

- (১) প্রক্টর, ঢা: বি:
- (২) পরীক্ষা নিয়ন্ত্রক, ঢা: বি:
- (৩) ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-২), ঢা: বি:
- (৪) ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৩), ঢা: বি:

তারিখ: ২০/১২/২০২০

ডেপুটি-রেজিস্ট্রার, প্রশাসন-৫  
ঢাকা বিশ্ববিদ্যালয়

1.3 DEC 2020